

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০০৩.২০১২- ১২৩


তারিখ : ০৮ মার্চ, ২০১৬

বিষয় : সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন সাতবিলা উত্তরপাড়া মসজিদ হতে হাজীপুর কুমারী নদীঘাট ভায়া নাদা হাট রাস্তা নির্মাণের জন্য জমি ক্রয়।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ-এর স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০০৫.৩৭.০৫৭.১৫-৫৮; তারিখ : ২৭ জানুয়ারি, ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন সাতবিলা উত্তরপাড়া মসজিদ হতে হাজীপুর কুমারী নদীঘাট ভায়া নাদা হাট রাস্তা নির্মাণের জন্য উন্নয়ন তহবিল হতে জমি ক্রয়ের প্রস্তাবটি বিবেচনার পূর্বে নিম্নরূপ তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) অধিগ্রহণের লক্ষ্যে প্রস্তাবিত ভূমি/জমির মূল্য কত;
- (খ) ব্যক্তি মালিকানাধীন জমি/ভূমি অধিগ্রহণ করা হলে সংশ্লিষ্ট জমির মালিকগণ কর্তৃক কোন জনরোষ উদ্ভব হবে কিনা সেসম্পর্কিত বিষয়ে মতামত প্রেরণ;
- (গ) উক্ত জমি অধিগ্রহণের পর উন্নয়ন তহবিলে কত টাকা অবশিষ্ট থাকবে? সেসম্পর্কিত তথ্যাদি প্রেরণ (ব্যাংক বিবরণীসহ);
- (ঘ) ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে জমি অধিগ্রহণের জন্য অর্থের সংস্থান রাখা হয়েছে কিনা? রাখা হলে বাজেটের কপি প্রেরণ; এবং
- (ঙ) এলজিইডি'র আইডি নাম্বারকৃত রাস্তার ভূমি/জমি এলজিইডি কর্তৃক অধিগ্রহণ না করার যৌক্তিক কারণ;


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।